



করোনা ভাইরাস প্রতিরোধে ঐক্য গড়ি  
নিজ ঘরে অবস্থান করি



- জীবনের অধিকার সবচেয়ে গুরুত্বপূর্ণ মানবাধিকার।
- প্রাণঘাতী করোনা ভাইরাসের আক্রমণে গোটা বিশ্বের জনজীবন বিপর্যস্ত। এ দুর্যোগ সরকারের একার পক্ষে মোকাবেলা করা সম্ভব নয়।
- এই জনদুর্যোগে অসহায় ও বিপন্ন মানবতার পাশে স্বাস্থ্যসেবা, সুরক্ষা উপাদান, খাদ্যসামগ্রী নিয়ে সরকারের পাশাপাশি দাঁড়াচ্ছে বিভিন্ন স্বেচ্ছাসেবক সংগঠন, স্কুল-কলেজের শিক্ষার্থীসহ অনেকেই। কমিশন এ উদ্যোগকে স্বাগত জানায়।
- করোনা আক্রান্ত রোগীদের সুচিকিৎসা নিশ্চিত করাসহ চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের ব্যক্তিগত নিরাপত্তা সুরক্ষা বিষয়ে সরকারের গৃহীত উদ্যোগ আরো জোরদার করার আহ্বান জানায় কমিশন।
- করোনা ভাইরাসের সংক্রমণ রোধে সরকার সারা দেশে ১০ দিনের সাধারণ ছুটি ঘোষণাসহ বেশ কিছু নির্দেশনা প্রদান করেছে। ছুটির মূল উদ্দেশ্য ছিল জনগণ যেন ঘরে থাকে। কিন্তু, গণমাধ্যমের সচিত্র প্রতিবেদনে দেখা যায়, ছুটি ঘোষণার সাথে সাথে বাড়ি ফেরার আমেজ নিয়ে দূরপাল্লার গণপরিবহনে অসংখ্য মানুষের ভিড়।
- এভাবে চলাচলের ফলে অনেকেই করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে রয়েছেন। সংক্রমণ রোধে কমিশন তাদেরকে স্বেচ্ছা কোয়ারেন্টাইনে থাকার অনুরোধ জানায়।
- আসুন আমরা সকলে নিজের ও অন্যের জীবনের সুরক্ষায় নিজ ঘরে অবস্থান করি, সরকার ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা মেনে চলি।
- জরুরি চিকিৎসাসেবা বা খাবার সামগ্রী ক্রয়ের জন্য ঘরের বাহিরে যেতে হলে মাস্ক ব্যবহার করি, সামাজিক দূরত্ব নিশ্চিত করি এবং সন্মিলিতভাবে করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধ করি।
- আসুন, অযথা আতঙ্কিত না হয়ে স্বাস্থ্যবিধি মেনে চলে নিজেকে নিরাপদ রাখার পাশাপাশি পরিবার, সমাজ এবং দেশকে নিরাপদ রাখি।
- যার যার সামর্থ্য অনুযায়ী নিজ নিরাপত্তা নিশ্চিত রেখে বিপন্ন মানবতার পাশে দাঁড়াই।

জনস্বার্থে- জাতীয় মানবাধিকার কমিশন (স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)